




স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০৬৫.১২- ৫৬০

তারিখ: ০৭/০১/২০২১ খ্রি:

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভূক্ত পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলায় কর্মরত হিসাব সহকারী জনাব মোঃ কামাল হোসেন কর্তৃক আর্থিক লেনদেন পরিচালনার জন্য সদর দপ্তরের নির্দেশনা অমান্য করে ভুল শিরোনামে ০৩টি ব্যাংক হিসাব পরিচালনা করা, রেজিস্ট্রারসমূহ (স্টক রেজিস্ট্রার, সভ্য রেজিস্ট্রার, ঋণ বিতরণী রেজিস্ট্রার, এফডিআর রেজিস্ট্রার) হালনাগাদ না করা, বেতনভাতার হিসাব সংরক্ষণ রেজিস্ট্রার ব্যবহার না করা, তার দায়িত্বপ্রাপ্ত সমিতিসমূহে পরিদর্শন না করা, ইচ্ছেমত অফিসে আসা-ছুটিতে গমন করা ইত্যাদি অভিযোগ রয়েছে, যা অফিস শৃঙ্খলা পরিপন্থী। এছাড়া তিনি পূর্ব নির্ধারিত কর্মসূচি পরিচালক এর সভাপতিত্বে বিগত ২৯/১২/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জুম মিটিং চলাকালীন সকাল ১১:৩০ ঘটিকা পর্যন্ত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতসহ জুম মিটিং এ অনুপস্থিত ছিলেন; যা কর্তৃপক্ষকে অবমাননার শামিল। এমতাবস্থায়, জনাব মোঃ কামাল হোসেন, হিসাব সহকারী, মির্জাগঞ্জ, পটুয়াখালী এর অপরাধের ধরন, প্রকৃতি ও গভীরতা বিবেচনায় বিআরডিবি'র চাকুরী প্রবিধানমালা, ১৯৮৮ এর ৪৫ অনুচ্ছেদ অনুযায়ী তাকে সাময়িক বরখাস্ত করে পটুয়াখালী জেলা দপ্তরে সংযুক্ত করা হলো।

কর্মসূচির স্বার্থে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো, বিআরডিবি

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০৬৫.১২- ৫৬০


তারিখ: ০৭/০১/২০২১ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. জনাব মোঃ কামাল হোসেন, হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ মির্জাগঞ্জ, জেলাঃ পটুয়াখালী।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ মির্জাগঞ্জ জেলাঃ পটুয়াখালী।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ মির্জাগঞ্জ জেলাঃ পটুয়াখালী।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইডে প্রকাশের জন্য)।
৫. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ পটুয়াখালী।
৬. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো, বিআরডিবি